# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ইসলাম ও নৈতিক শিক্ষা**

বিষয় কোড : ১ ১ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

**সৃজনশীল প্রশ্ন**

মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ জনাব আহসান সাহেব একজন প্রসিদ্ধ লেখকের একটি উপন্যাস পড়েছিলেন। উপন্যাসের ভূমিকায় লেখক লিখেছেন, "পাঠকের কাছে কোন ভুল ত্রুটি পরিলক্ষিত হলে তা আমাকে জানালে আমি কৃতজ্ঞ থাকব।" লেখকের বক্তব্যটি পড়ার পর আহসান সাহেবের মনে পড়ে সেই গ্রন্থটির কথা যা আজও অপরিবর্তনীয় এবং যার শুরুতেই নির্ভুলতার নিশ্চয়তা দেয়া হয়েছে। বিষয়টি তার বন্ধু সাবিদ সাহেবকে জানালে তিনি বলেন, "গ্রন্থটি শুধু অপরিবর্তনীয় নয়, ইহা সমগ্র মানবজাতির পথের দিশারী।

ক. সহিফা শব্দের অর্থ কী? ১

খ. আসমানি কিতাব বলতে কী বুঝায়? ২

গ. আহসান সাহেব অপরিবর্তনীয় গ্রন্থ বলতে কোন গ্রন্থের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাবিদ সাহেবের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ আদনান সাহেব একজন চাকরীজীবী। তিনি প্রায়ই বিনা কারণে অফিসে দেরি করে আসেন। এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি মনগড়া অজুহাত তুলে ধরেন। সহকর্মীদের কাছ থেকে কিছু ধার নিলে তা যথাসময়ে ফেরৎ দেন না। অথচ পোশাক- পরিচ্ছদে তাকে ভদ্র বলেই মনে হয়।

ক. আখিরাত শব্দের অর্থ কী? ১

খ. 'আখিরাতে বিশ্বাস মানুষকে সৎ কাজে উদ্বুদ্ধ করে।' বুঝিয়ে লেখ। ২

গ. আদনান সাহেবের কর্মকাণ্ড কার আচরণের বহিঃপ্রকাশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. আদনান সাহেবের কর্মকাণ্ডের পরিণাম ইসলামি শরিয়তের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ হেলাল ও বেলাল দুই বন্ধু। হেলাল ধর্মীয় অনুশাসন মেনে চলে আর বেলাল এসব বিষয় তেমন তোয়াক্কা করে না। হেলাল মানুষকে ইসলামের দিকে দাওয়াত দেয়। একবার হেলাল অসুস্থ হয়ে যাওয়ার কারণে দুই তিন দিন সালাত আদায় করতে মসজিদে যাননি। এতে বেলাল ও অন্যরা তার ব্যাপারে বিভিন্ন কটুক্তি করে। এতে বেলাল অত্যন্ত কষ্ট পায়।

ক. সুরা আশ-শামস এ কোন জাতির ধ্বংসের কথা উল্লেখ হয়েছে? ১

খ. ছামুদ জাতির কেন ধ্বংস হয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ. আল্লাহ মহানবি (স) কে যে অনুগ্রহ করেছেন তা সুরা আদ-দোহার আলোকে ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. এ অবস্থায় হেলাল সুরা আদ-দোহা থেকে কী কী শিক্ষা গ্রহণ করতে পারে? বিশ্লেষণ কর। ৪

৪. ▶ মিজান সমাজের একজন সৎলোক। তিনি সালাত প্রতিষ্ঠার নিয়তে এলাকায় একটি সংগঠন গড়ে তুললেন। তার এ সৎকর্মে ঈর্ষান্বিত হয়ে এলাকার কিছু দুষ্ট লোক তার বিরুদ্ধে অপপ্রচার শুরু করে। এক পর্যায়ে তার উপর বিভিন্ন অত্যাচার শুরু করে। পরামর্শের জন্য তিনি মসজিদের ইমাম সাহেবের শরণাপন্ন হলে ইমাম সাহেব তাকে বলেন- "প্রকৃত মুমিনগণ ধৈর্য ধারণ করে এবং আল্লাহর উপর ভরসা করে।

ক. ইমাম মুহাম্মদ ইবনে ইসমাইল (র) প্রণীত হাদিস গ্রন্থটির নাম কী? ১

খ. মুহাম্মদ (স) এর জীবদ্দশায় হাদিস সংকলন নিষেধ ছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. মিজান সাহেবের কাজের জন্য কতটুকু প্রতিদান পাবেন ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫. ▶ জনাব আকবর সাহেব শারীরিক ও অর্থনৈতিকভাবে একজন সামর্থবান ব্যক্তি। তিনি হজ পালন করার নিয়ত করেছেন। কারণ তার উপর হজ ফরজ হয়েছে। তিনি মনে করেন প্রত্যেক মানুষের উচিত হজ পালনের মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ করা। তাছাড়া হজ পালনের মাধ্যমে ভ্রাতৃত্ব গড়ে উঠে।

ক. হজের পরিচয় দাও। ১

খ. হজের ধর্মীয় গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সর্বশেষ বাক্যটির সমর্থনে তোমার যুক্তি দেখাও। ৩

ঘ. সমাজে মুসলিম ঐক্য প্রতিষ্ঠায় উদ্দীপকে উল্লিখিত ইবাদতটির প্রভাব পর্যালোচনা কর। ৪

৬. ▶ হাছিনা বেগম তার মেয়ে রাবেয়াকে শিক্ষা ও নৈতিক গুরত্ব সম্পর্কে বলতে গিয়ে বললেন, "নৈতিকতাহীন শিক্ষা অর্থহীন। শিক্ষার সঙ্গে নৈতিকতার সমন্বয় আবশ্যক। এছাড়া মনুষ্যত্বের বিকাশ সাধিত হয় না।"

ক. শিক্ষা কাকে বলে? ১

খ. ইসলামী শিক্ষা বলতে কী বোঝ? সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. রাবেয়া কীভাবে নৈতিকতা অর্জন করবে? ৩

ঘ. হাছিনা বেগমের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭. ▶ আসলাম একজন দিনমজুর। সে কোথাও কোন কাজ করতে গেলে তার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সতর্ক সচেতন থেকে কাজটি সুন্দর ও সুচারুরূপে পালন করে এবং এক্ষেত্রে কোনোরূপ অবহেলা বা উদাসীনতা প্রদর্শন করে না। এক্ষেত্রে সে পবিত্র কুরআনের সুরা আল কাহফ এর ৩০ নম্বর আয়াতটির কথা স্মরণ করে। যার অর্থ- "যারা ইমান আনে ও সৎকর্ম করে আমি তার কর্মফল নষ্ট করি না- যে উত্তমরূপে কাজ সম্পাদন করে।"

Teachingbd.com

ক. আমানত অর্থ কী? ১

খ. "আমাদের প্রিয় নবী (স) ছিলেন প্রকৃত দেশ প্রেমিক" কথাটি ব্যাখ্যা কর। ২

গ. আসলামের মধ্যে পাঠ্যপুস্তকের ধারণার প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. "মানবজীবনে আসলামের গুণটির গুরুত্ব অপরিসীম" উদ্দীপকের আলোকে এ উক্তিটির যথার্থতা প্রমাণ কর। ৪

**৮.** ▶ স্কুল শেষে বাড়ি ফেরার পথে রাহাত তার বন্ধু রতনের কাছে তাদের এক সহপাঠীর বিরুদ্ধে বদনাম বলতে শুরু করল। রতন তাকে বলল, কারো অসাক্ষাতে তার দোষ ত্রুটিগুলো অন্যের নিকট বলে বেড়ানো গিবত। গিবত করাকে আল্লাহ তায়ালা মৃত ভাইয়ের গোশত খাওয়ার সাথে তুলনা করেছেন। সুতরাং বন্ধু, এ কাজ থেকে বিরত থাকো। ইসলামে গিবত একটি জঘন্য অপরাধ।

ক. গিবত কী? ১

খ. "ইসলামে গিবত হারাম" ব্যাখ্যা কর। ২

গ. রাহাতের সামাজিক জীবনে উল্লিখিত বিষয়টি কিভাবে বিপর্যয়ের সৃষ্টি করতে পারে? ৩

ঘ. "গিবত কী রকম অপরাধ" উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ রবিউল নমব শ্রেণির বিজ্ঞান বিভাগের একজন ছাত্র। তার ইচ্ছা সে ডাক্তার হবে। একদিন সে তার বিজ্ঞান শিক্ষকের কাছ থেকে চিকিৎসা বিজ্ঞানের নানা বিষয় সম্পর্কে জানতে পারে। চিকিৎসা বিজ্ঞান বর্তমান পর্যায়ে আসতে কাদের ভূমিকা সবচেয়ে বেশি তা সে জানতে পারে উক্ত শিক্ষকের কাছে থেকে। শিক্ষক মহোদয় তাকে বলেন, চিকিৎসা বিজ্ঞানে পাশ্চাত্যের চিকিৎসা বিজ্ঞানীদের ভূমিকার কারণেই চিকিৎসা বিজ্ঞান বর্তমানে উন্নত অবস্থায় পৌছতে সক্ষম হয়েছে। পাশ্চাত্যের চিকিৎসা বিজ্ঞানীগণ একে অধিক থেকে অধিকতর উন্নত করেছেন সত্য কিন্তু চিকিৎসা ব্যবস্থাকে বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত উৎকর্ষ এনে দিয়েছেন মুসলমি চিকিৎসা বিজ্ঞানীগণ। আল রাযি, ইবনে সীনা, ইবনে রুশদ, আল বিরুনি হলেন চিকিৎসা বিজ্ঞানের প্রকৃত উদ্ভাবক। তাছাড়া ভূগোল শাস্ত্রেও মুসলমানরা তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করেন।

ক. 'মুজামুল বুলদান' কী? ১

খ. কোন বিজ্ঞানী 'ম্যাগনিফাইং গ্লাস' আবিষ্কার করেন? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থের নাম উল্লেখ কর। ২

গ. রবিউল চিকিৎসা বিজ্ঞানে ইবনে সিনার অবদান সম্পর্কে কী কী জানতে পারে? ৩

ঘ. রবিউল সর্বশেষ যে শাস্ত্র সম্পর্কে জানতে পারে সে বিষয়ে দুজন মুসলমানের অবদান আলোচনা কর। ৪

http://teachingbd.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ৪০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ইমান ও ইসলামের মধ্যে সম্পর্ক কিরূপ?
ক) গভীর　খ) নিবিড়
গ) মনোরম　ঘ) ঘনিষ্ঠ ও অবিচ্ছেদ্য

২. ইসলামের মূল বিষয়গুলোর ওপর বিশ্বাস করাকে কী বলে?
ক) আখলাক　খ) আকাইদ
গ) ইমান　ঘ) আনুগত্য

৩. কোনটি ইসলামের প্রায়োগিক দিক?
ক) বাস্তব আমল　খ) বাস্তব বিশ্বাস
গ) মৌখিক স্বীকৃতি　ঘ) আন্তরিক বিশ্বাস

৪. কোনো ফরজ কাজ অস্বীকার করা কী?
ক) গুনাহ　খ) হারাম
গ) কুফর　ঘ) শিরক

৫. হাদিসের মূল বক্তব্যকে কী বলা হয়?
ক) সনদ　খ) মতন
গ) রাবী　ঘ) হাদিসে কুদসী

৬. সাওমের সামাজিক শিক্ষা হলো—
i. পারস্পরিক সহানুভূতি ও সহমর্মিতা সৃষ্টি করে
ii. অনাহারীর ক্ষুধার জ্বালা সহজে বুঝতে পারে
iii. তাকওয়া অর্জন করতে সাহায্য করে

নিচের কোনটি সঠিক?
ক) i　খ) ii
গ) i ও ii　ঘ) i, ii ও iii

৭. নিফাক এর ব্যবহারিক অর্থ কী?
ক) অন্তর ও বাইরের বৈপরীত্য
খ) অন্তর ও বাইরের সাদৃশ্য
গ) বাইরের চরম শত্রুতা
ঘ) অন্তরের চরম মিত্রতা

৮. গোলাম আহমাদ কাদিয়ানী নিজেকে একজন নবি হিসেবে দাবি করে। হাদিসের বক্তব্য অনুযায়ী সে একজন—
ক) কাফির　খ) মুনাফিক
গ) পাপাচারি　ঘ) যালিম

৯. 'শান'— শব্দের অর্থ কী?
ক) কারণ　খ) প্রমাণ
গ) বারণ　ঘ) সম্মান

১০. রফিক, ইয়াহুদিদের নবি হওয়ার কারণে হযরত মূসা (আ) কে নবি বলে স্বীকার করে না। তার এরূপ আচরণের সাথে সাদৃশ্য রয়েছে কার?
ক) কাফিরের　খ) মুশরিকের
গ) মুনাফিকের　ঘ) খায়িনের

১১. রিসালাতকে অস্বীকার করা পক্ষান্তরে কাকে অস্বীকার করা?
ক) তাকদিরকে　খ) আখিরাতকে
গ) আল্লাহকে　ঘ) কিয়ামতকে

১২. কালিমায়ে তায়্যিবায় বিশ্বাসী মানুষ যেকোন সৃষ্টির সামনে—
ক) মস্তক উন্নত রাখে
খ) ইমান প্রকাশ করে
গ) সভ্যতা বজায় রাখে
ঘ) শালীনতা বজায় রাখে

১৩. 'তারা আখিরাতেও বিশ্বাস রাখে' এ আয়াতে কাদের ইঙ্গিত করা হয়েছে?
ক) মুমিন ও মুত্তাকীদের　খ) মুমিনদের
গ) মুত্তাকীদের　ঘ) নবি-রাসুলগণের

১৪. কোনটি জঘন্য জুলুম?
ক) কুফর　খ) শিরক
গ) নিফাক　ঘ) পৈতাপরা

১৫. 'নিশ্চয়ই মুনাফিকদের স্থান জাহান্নামের সর্বনিম্ন স্তরে' কোন সুরার কত নম্বর আয়াত?
ক) আল বাকারা: ১২৬
খ) আন নিসা: ১৪৫
গ) আল-মায়িদা: ১৩৯
ঘ) মুনাফিকুন: ১১৮

১৬. আল্লাহর বাণী ও শিক্ষা মানুষের নিকটে পৌছে দেওয়াকে কী বলে?
ক) দাওয়াত ও তাবলিগ　খ) নবুয়ত ও রিসালাত
গ) দাওয়াত ও রিসালাত　ঘ) হিজরত ও তাবলিগ

১৭. হজের সময় হাজিগণ মসজিদে নামিরায় একসাথে সালাত আদায় করেন?
ক) যুহর ও আসর　খ) আসর ও মাগরিব
গ) মাগরিব ও ঈশার　ঘ) ফজর ও যোহর

**নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
শ্রেণিশিক্ষক শিক্ষার্থীদের বললেন, যে মহান পবিত্র সত্তা কুরআন নাযিল করেছেন তিনি বলেন, 'আমিই কুরআন অবতীর্ণ করেছি এবং অবশ্যই আমিই এর সংরক্ষক।'

১৮. 'আমিই কুরআন অবতীর্ণ করেছি এবং অবশ্যই আমিই এর সংরক্ষক।'— এটি কোন সূরার আয়াত?
ক) আন-নূর　খ) আল-আহযাব
গ) আল-বাকারা　ঘ) হিজর

১৯. এর ফলে শিক্ষার্থীরা জানতে পারল—
i. কুরআন সর্বদা তিলাওয়াত করতে হবে
ii. কুরআন সর্বদা অবিকৃত
iii. কুরআন সর্বদা অপরিবর্তনীয়

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২০. মক্কার কুরাইশরা ভীত হয়েছিল কেন?
ক) মুসলিমদের বিশাল বাহিনী দেখে
খ) অস্ত্রশস্ত্র ও ঢাল-তলোয়ার দেখে
গ) মক্কার কাফিররা ইসলাম গ্রহণ করেছিল বলে
ঘ) রাসুল (স) এর অলৌকিক নিদর্শন দেখে

২১. আমরা সাম্যের ভিত্তিতে জীবন গড়ে তুলতে চাই। এজন্য আমাদের কর্তব্য কী?
ক) সমাজে যাকাত ব্যবস্থা চালু করতে হবে
খ) বিশ্ব সম্মেলনে যোগদান করতে হবে
গ) নিয়মিত নামাজ আদায় করতে হবে
ঘ) সাওম পালন করতে হবে

Teachingbd.com

২২. যারা দেশকে ভালোবাসে না তারা—
i. কৃপণ
ii. চরম অকৃতজ্ঞ
iii. জঘন্য চরিত্রের অধিকারী
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii ও iii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৩. ইমানের কাজ হচ্ছে—
i. সত্য ও সুন্দরের পথে পরিচালিত করা
ii. মানবিকতা ও নৈতিকতা ধারণ করা
iii. নৈতিক জীবনযাপনে উদ্বুদ্ধ করা
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৪. একজন অধিনস্থ কর্মচারীকে দৈনিক কতবার ক্ষমা করা যেতে পারে?
ক ৬০ বার  খ ৭০ বার
গ ৮০ বার  ঘ ৯০ বার

২৫. কোন ব্যক্তি দশ বছর যাবত রাসুল (স)-এর খেদমত করেছেন?
ক হযরত উমর (রা)  খ হযরত আলী (রা)
গ হযরত আনাস (রা)  ঘ হযরত সা'দ (রা)

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজিব সাহেব সরকারি অফিসের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি সব সময় প্রতিষ্ঠানের ভালো চান। তাই সবাইকে সুষ্ঠু সুন্দরভাবে এবং বিশ্বস্ততার সাথে কাজ করার পরামর্শ দেন।'

২৬. অনুচ্ছেদে রাজিব সাহেবের চরিত্রে কোনটি প্রকাশ পেয়েছে?
ক আদল প্রতিষ্ঠা  খ আমানত রক্ষা
গ সত্য প্রতিষ্ঠা  ঘ ওয়াদা পালন

২৭. রাজিব সাহেবের কাজের ফলে—
i. আল্লাহ সন্তুষ্ট হবেন
ii. সামাজিক মর্যাদা লাভ করবেন
iii. প্রচুর অর্থসম্পদের মালিক হবেন
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii
গ i ও ii  ঘ i, ii ও iii

২৮. পরিচ্ছন্নতার আরবি প্রতিশব্দ কোনটি?
ক আমানত  খ নাজাফাত
গ তাসাউফ  ঘ তাকওয়া

২৯. রাসুল (স)-এর নানার নাম কী?
ক আবু তালিব  খ আব্দুল মুত্তালিব
গ ওয়াহাব  ঘ ওয়াহিদ

৩০. আখলাকে হামিদাহ—
i. জান্নাত লাভের একমাত্র উপায়
ii. মানবীয় মৌলিক গুণ
iii. জীবনের শ্রেষ্ঠ সম্পদ
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii ও iii
গ i ও ii  ঘ i, ii ও iii

৩১. 'আপনার কাপড় পবিত্র রাখুন'— এটি কোন সূরার আয়াত?
ক সূরা আল-বাকারা  খ সূরা আন-নিসা
গ সূরা আল-মায়িদা  ঘ সূরা আল-মুদ্দাসসির

৩২. জনৈক ব্যক্তি তার বন্ধুকে দেওয়া কথা রাখতে একদিন একই স্থানে দাঁড়িয়ে থাকে। কোন মহান ব্যক্তির চরিত্রের সাথে তার মিল রয়েছে?
ক হযরত উমর (রা)  খ হযরত আলী (রা)
গ হযরত মুহাম্মদ (স)  ঘ হযরত সা'দ (রা)

৩৩. রাসুল (স) আমাদের প্রত্যেককে বলেছেন—
ক আমানতদার  খ রাসুল (স)-এর উম্মত
গ দায়িত্বশীল  ঘ পরহেজগার

৩৪. হযরত আলী (রা) জ্ঞানের শহরের দরজা। এ কথা বলার কারণ কী?
ক তিনি নিজেকে জ্ঞানী বলে দাবি করতেন
খ তিনি শিক্ষক ছিলেন
গ তিনি অধিকাংশ সময় জ্ঞান চর্চায় কাটাতেন
ঘ তিনি রাসুল (স)-এর খুব কাছের ছিলেন

৩৫. রাসুল (স) কত খ্রিষ্টাব্দে নবুয়ত প্রাপ্ত হন?
ক ৬২২ খ্রি.  খ ৬১০ খ্রি.
গ ৬২৪ খ্রি.  ঘ ৬২৮ খ্রি.

৩৬. মদিনায় পৌঁছে হযরত মুহাম্মদ (স) সকল জাতিকে এক করেছিলেন। তাঁর উদ্দেশ্য কী ছিল?
ক যুদ্ধ প্রতিহত করা
খ ইসলামি রাষ্ট্র গঠন করা
গ কাফিরদের সাথে বন্ধুত্ব স্থাপন
ঘ গোত্রীয় দ্বন্দ্ব নিরসন

৩৭. হজের ফরজ হচ্ছে—
i. ইহরাম বাঁধা
ii. মুযদালিফায় রাত্রি যাপন
iii. আরাফাতের ময়দানে অবস্থান করা
নিচের কোনটি সঠিক?
ক i  খ i ও iii
গ i ও ii  ঘ i, ii ও iii

৩৮. মহানবি (স) কত খ্রিষ্টাব্দে বিদায় হজ সম্পাদন করেন?
ক ৬২২ খ্রি.  খ ৬২৪ খ্রি.
গ ৬৩২ খ্রি.  ঘ ৬২৮ খ্রি.

৩৯. কোন মনীষী সর্বপ্রথম প্লেটো এরিস্টটলের মতবাদ সমন্বয় করার চেষ্টা করেন?
ক ইবনে রুশদ  খ আল কিন্দি
গ জুননুন মিসরি  ঘ আল বিরুনি

৪০. ইবনে জারির আত-তাবারি (র) পাশ্চাত্য পণ্ডিতদের নিকট বিশেষভাবে সমাদৃত হয়েছেন। এর কারণ কী?
ক ঐতিহাসিক ও সমালোচনামূলক গবেষণা
খ পবিত্র কুরআনের বিশুদ্ধ তাফসির প্রদান
গ প্রচুর হাদিস সংগ্রহ
ঘ সূক্ষ্ম বিশ্লেষণ শক্তির পরিচয় দান

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd.com